

মূর্ণিবাড়ি সিদ্রাংয়ের কারণে গতকাল মঙ্গলবারের স্থগিত হওয়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগুলো আগামী ৩০ অক্টোবর অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার ২০১৯ সালে প্রিলিমিনারি টু মাস্টার্স, ২০২১ সালের অনার্স প্রথম বর্ষ এবং ২০২০ সালের ডিপ্রি পাস ও সার্টিফিকেট কোর্সের তৃতীয় বর্ষের পরীক্ষা মূর্ণিবাড়ির কারণে স্থগিত করা হয়।

advertisement 3

জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, স্থগিত হওয়া মঙ্গলবারের ২০২১ সালের অনার্স প্রথম বর্ষের বাংলা, ইংরেজি, আরবি, সংস্কৃত, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান, সংগীত, পদার্থবিজ্ঞান, রসায়ন, প্রাণ রসায়ন, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ, মৃত্তিকা বিজ্ঞান, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, পরিসংখ্যান, গণিত, নৃবিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ের পরীক্ষা ৩০ অক্টোবর অনুষ্ঠিত হবে। ওই দিন বেলা ১টা থেকে শুরু হবে পরীক্ষা।

advertisement 4

স্থগিত মঙ্গলবারের ২০২০ সালের ডিপ্রি পাস ও সার্টিফিকেট কোর্স তৃতীয় বর্ষের মনোবিজ্ঞান পরীক্ষা ৩০ অক্টোবর বেলা দেড়টায় শুরু হবে। আর স্থগিত হওয়া একই দিনের ২০১৯ সালের প্রিলিমিনারি টু মাস্টার্স (নতুন ও পুরাতন সিলেবাসের) গণিত পরীক্ষাও ৩০ অক্টোবর বেলা দেড়টায় শুরু হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এসব পরীক্ষার পূর্বঘোষিত সূচি অপরিবর্তিত থাকবে।

2
Shares